

# দশম শ্রেণিতে ৭০ শতাংশ উপস্থিতি না থাকলে এসএসসি পরীক্ষা নয়

নতুন শিক্ষাক্রম



ছবি-সংগৃহীত

## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ৩০ মে ২০২৪ | ২১:৪৯ | আপডেট: ৩০ মে ২০২৪ | ২১:৪৯



দশম শ্রেণিতে কোনো শিক্ষার্থী ৭০ শতাংশের কম উপস্থিতি থাকলে পাবলিক মূল্যায়ন বা এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে না। অন্যদিক, কোনো শিক্ষার্থী দুই বিষয়ে উত্তীর্ণ না হলেও শর্তশাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে। সে ক্ষেত্রে তাকে পরবর্তী দুই বছরের মধ্যে এসএসসিতে অনুত্তীর্ণ বিষয়ে পাস করতে হবে।

এ ছাড়া নবম শ্রেণি শেষ করে দশম শ্রেণিতে উঠলেই এসএসসি পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে। নতুন শিক্ষাক্রম অনুযায়ী, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার মূল্যায়ন কাঠামোর সর্বশেষ প্রস্তাবে এমন তথ্য উঠে এসেছে।

এনসিটিবি সূত্র জানিয়েছে, জরুরি বা বিশেষ পরিস্থিতি বিবেচনায় নিয়ে উপস্থিতির হার ৭০ শতাংশের কম হলেও সম্মিলিত আলোচনার মাধ্যমে কোনো শিক্ষার্থীকে পাবলিক মূল্যায়নে অংশ নেওয়ার জন্য বিবেচনা করা যেতে পারে। এ ক্ষেত্রে যথেষ্ট যৌক্তিক কারণ এবং তার স্বপক্ষে যথাযথ প্রমাণ থাকতে হবে।

শর্তসাপেক্ষে উচ্চ মাধ্যমিকে ওঠা কোনো শিক্ষার্থী যদি নির্ধারিত দুই বছরের মধ্যে অনুত্তীর্ণ হওয়া বিষয়ে উত্তীর্ণ হতে না পারে, তাহলে সে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে এইচএসসি পরীক্ষা দিতে পারবে না।